

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ২, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহানগর দায়রা জজ এবং পদাধিকারবলে

মহানগর সিনিয়র স্পেশাল জজের কার্যালয়, ঢাকা।

বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত আপনি আসামী শাহ মোঃ হারুণ, আবুল কাশেম মাহমুদ উল্লাহ, মোঃ ফজলুর রহমান, মাহমুদ হোসেন এবং ইমাদুল হক এর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি রহিয়াছে; এবং

যেহেতু, এই আদালতের বিশ্বাস করার যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে যে, আপনি পলাতক রহিয়াছেন এবং আপনি গ্রেফতার বা আপনাকে বিচারে সোপর্দকরণ এড়াইবার জন্য আত্মগোপন করিয়াছেন এবং আপনাকে আশু গ্রেফতার করিয়া বিচারে সোপর্দ করার সম্ভাবনা নাই, সেহেতু ১৯৫৮ সনের ক্রিমিনাল 'ল' এমেন্ডমেন্ট অ্যাক্টের ৬ (১এ) ধারার বিধান অনুসারে তফসিল বর্ণিত মামলায় আপনাকে ২৯-১-২০১৪ইং তারিখের মধ্যে অত্র আদালতে হাজির হওয়ার নির্দেশ দেওয়া গেল।

অন্যথায় আপনার অনুপস্থিতিতেই বিচারকার্য সম্পন্ন করা হইবে।

তফসিল

ক্রমিক নং	পলাতক আসামির নাম ও ঠিকানা	মামলার নম্বর ও ধারা
(১)	শাহ মোঃ হারুণ, সাবেক সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, ওরিয়েন্টাল ব্যাংক লিঃ, প্রিন্সিপাল শাখা, ১৭, ঢাকা। পিতা মৃত এইচ ডি শাহ, বাড়ি নং-২৫, এ্যাপার্টমেন্ট নং এ/৩, রোড নং-৬৮/এ, গুলশান-২, ঢাকা।	মেট্রো বিশেষ মামলা নং-৮৫/ ২০১৩{মতিঝিল থানার মামলা নং ১০২, তারিখ ২৯-১২-০৬, ধারাঃ দণ্ডবিধির ৪০৯/৪২০/১০৯ এবং ধারা ১৯৪৭ সনের ২ নং দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা}

( ৯৯ )

মূল্য : টাকা ৪.০০

ক্রমিক নং	পলাতক আসামির নাম ও ঠিকানা	মামলার নম্বর ও ধারা
(২)	আবুল কাশেম মাহমুদ উল্লাহ, সাবেক সিনিয়র এসিস্ট্যান্ট ডাইস প্রেসিডেন্ট, ওরিয়েন্টাল ব্যাংক লিঃ, প্রিন্সিপাল শাখা, ঢাকা (বর্তমানে আইসিবি ইসলামী ব্যাংক) পিতা মৃত এ. এফ. এম ইউনুস, বর্তমান ঠিকানা-৩০/৩১, পল্লবী মিরপুর, ঢাকা। স্থায়ী ঠিকানা-গ্রাম শমসপুর, পোঃ দোগাছিবাজার, থানা শ্রীনগর, জেলা-মুন্সিগঞ্জ।	মেট্রো বিশেষ মামলা নং-৮৫/ ২০১৩{মতিঝিল থানার মামলা নং ১০২, তারিখ ২৯-১২-০৬, ধারাঃ দণ্ডবিধির ৪০৯/৪২০/১০৯ এবং ধারা ১৯৪৭ সনের ২ নং দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা}
(৩)	মোঃ ফজলুর রহমান, সাবেক এভিপি, ওরিয়েন্টাল ব্যাংক লিঃ, প্রিন্সিপাল শাখা, ঢাকা। পিতা - ক্বারী বজলুর রহমান, ১০/এ, বাসাবো, সবুজবাগ, ঢাকা। স্থায়ী ঠিকানা : গ্রাম-নিজ সরাইল, থানা-সরাইল, জেলা-ব্রাহ্মণবাড়ীয়া।	
(৪)	মাহমুদ হোসেন, সাবেক এসইভিপি, ওরিয়েন্টাল ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ঢাকা। পিতা-এম এ হোসেন, বাড়ী নং ২৯, রোড নং-১১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা।	
(৫)	ইমাদুল হক, সাবেক উপ-ব্যবস্থাপনা পরিচালক, ওরিয়েন্টাল ব্যাংক লিঃ প্রধান কার্যালয়, ঢাকা। ১৩, মিউনিসিপাল হাউজিং এস্টেট, সুগন্ধা, মুরাদপুর, চট্টগ্রাম।	

মোঃ জহুরুল হক  
মহানগর দায়রা জজ এবং  
পদাধিকার বলে  
মহানগর সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd